

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

ত্রিভুজ সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১৪, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ জুলাই ২০০৩ইং/২৯ আষাঢ় ১৪১০বাং

এস, আর, ও নং ২০৭-আইন/২০০৩—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E. P. Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ১৮-০১-২০০৩ইং তারিখের প্রজ্ঞাপন নং-এস, আর, ও, ১৪-আইন/২০০৩ দ্বারা নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে, যাহার মেয়াদ আগামী ১২-০৭-২০০৩ইং তারিখে শেষ হইবে; এবং

যেহেতু উপরি-উক্ত কর্তৃপক্ষের সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা তদ্পরবর্তীতেও বিদ্যমান থাকিবে;

সেহেতু সরকার উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance আগামী ১৩-০৭-২০০৩ইং তারিখ হইতে আরও ৬ (ছয়) মাস প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইফতিখার আহমদ

যুগ্ম-সচিব (শ্রম)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৬৫৩)

মূল্য ৳ টাকা ১.০০